

হাশেম ও হাশেমী বংশ (هاشم وبنو هاشم)

নবী (ছাঃ)-এর বংশ হাশেমী বংশ হিসাবে পরিচিত।
যা তাঁর দাদা হাশেম বিন 'আব্দে মানাফের দিকে
সম্পর্কিত। হাশেম পূর্ব থেকেই 'সিক্কায়াহ' ও
'রিফাদাহ' অর্থাৎ হাজীদের পানি পান করানো ও
মেহমানদারীর দায়িত্বে ছিলেন। হাশেম ছিলেন ধনী
ও উচ্চ মর্যাদা সম্পন্ন ব্যক্তি। তিনিই প্রথম
কুরায়েশদের জন্য শীতকালে ইয়ামানে ও
গ্রীষ্মকালে শামে দু'টি ব্যবসায়িক সফরের নিয়ম
চালু করেন। তিনি এক ব্যবসায়িক সফরে শাম
যাওয়ার পথে মদীনায় যাত্রা বিরতি করেন এবং
সেখানে বনু 'আদী বিন নাজ্জার গোত্রে সালমা

বিনতে আমরকে বিবাহ করেন। অতঃপর সেখানে
অন্তঃসত্ত্বা স্ত্রীকে রেখে ফিলিস্তীনের গাযায় চলে
যান এবং সেখানে মৃত্যুবরণ করেন। এদিকে তার স্ত্রী
একটি পুত্র সন্তান প্রসব করেন ৪৯৭ খ্রিষ্টাব্দে
(আর-রাহীক ৪৯ পৃঃ)। সাদা চুল নিয়ে ভূমিষ্ট
হওয়ার কারণে মা তার নাম রাখেন শায়বাহ (شَيْبَةَ)।
এভাবে তিনি ইয়াছরিবে মায়ের কাছে প্রতিপালিত
হন। মক্কায় তার পরিবারের লোকেরা যা জানতে
পারেনি। যৌবনে পদার্পণের কাছাকাছি বয়সে
উপনীত হ'লে তার জন্মের খবর জানতে পেরে চাচা
কুরায়েশ নেতা মুত্তালিব বিন 'আব্দে মানাফ তাকে
মক্কায় নিয়ে আসেন। লোকেরা তাকে মুত্তালিবের

ক্রীতদাস মনে করে তাকে 'আব্দুল মুত্ত্বালিব'
বলেছিল। সেই থেকে তিনি উক্ত নামে পরিচিত হন।
যদিও তাঁর আসল নাম ছিল 'শায়বাহ' অর্থ 'সাদা
চুল ওয়ালা' (ইবনু হিশাম ১/১৩৭-৩৮)।